# ২০২৪
# বাংলা
## (প্রোগ্রাম)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)
## দ্বিতীয় সেমেস্টার
## কোর্স কোড : BNG-G-CC-T-2
## [বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) : গদ্যের বিকাশ, সাময়িক পত্র ও ভাষাতত্ত্ব]
## [CBCS]

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত দুটি রূপক সাংকেতিক নাটকের নাম প্রকাশকাল-সহ লিপিবদ্ধ করো।

খ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি ঐতিহাসিক উপন্যাসের নাম প্রকাশকাল-সহ লিপিবদ্ধ করো।

গ) বাংলায় প্রথম দৈনিক সংবাদপত্র কোন্‌টি? প্রকাশকাল সহ সম্পাদকের নাম লেখো।

ঘ) বাংলা কাব্যসাহিত্যে প্রথম আদর্শ সাহিত্যিক মহাকাব্য কে রচনা করেন? মহাকাব্যটির নাম উল্লেখ করো।

(পরের পাতায়)

ঙ) কাব্যগ্রন্থগুলির রচয়িতাদের নাম লেখো :

বনলতা সেন, অগ্নিবীণা, সোনার তরী, সাধের আসন।

চ) শব্দার্থ পরিবর্তনের দুটি কারণ দেখাও।

ছ) 'লোকসাহিত্য' ও 'সাহিত্যের পথে' — প্রবন্ধ দুটির রচয়িতা কে? প্রবন্ধ দুটির প্রকাশকাল লেখো।

জ) 'গৌড়ীয় ব্যাকরণ' গ্রন্থটির রচয়িতা কে? কত সালে গ্রন্থটি প্রকাশিত হয়?

ঝ) ছোটগল্পকারদের নাম লেখো :

প্রাগৈতিহাসিক, তারিণী মাঝি, জলসাঘর, পুঁইমাচা।

ঞ) 'বিজ্ঞানরহস্য' ও 'কমলাকান্তের দপ্তর' প্রবন্ধ গ্রন্থ দুটির রচয়িতা কে? প্রবন্ধ গ্রন্থ দুটির প্রকাশকাল লেখো।

ট) নাট্যকারদের নাম লেখো :

নুরজাহান, চৈতন্যলীলা, শর্মিষ্ঠা, মুক্তধারা।

ঠ) 'ভোরের পাখি' কাকে বলা হয়? তাঁর রচিত শ্রেষ্ঠ কাব্যগ্রন্থের নাম প্রকাশ-সহ লিপিবদ্ধ করো।

ড) রাঢ়ী উপভাষার দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

ঢ) ধর্ম > ধম্ম > ধাম — এখানে কী ধরনের ধ্বনি পরিবর্তন ঘটেছে? এই ধ্বনি পরিবর্তন বাংলা ভাষার কোন্ বাংলার কালসীমায় দেখা যায়?

ণ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত একটি সামাজিক উপন্যাস ও একটি রাজনৈতিক উপন্যাসের নাম প্রকাশকাল-সহ লেখো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'সবুজপত্র' পত্রিকাটি কে কত সালে সম্পাদনা করেন? বাংলা সাহিত্যে এই পত্রিকার গুরুত্ব বুঝিয়ে দাও।



খ) বাংলা গদ্যের জনক কাকে বলা হয়? তাঁর কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

গ) টীকা লেখো (যে-কোনো **দুটি**) :

মধ্যস্বরলোপ, অপিনিহিতি, স্বরসঙ্গতি, সমীভবন।

ঘ) ছোটগল্পকার তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব আলোচনা করো।

ঙ) উদাহরণসহ সাধু ও চলিত ভাষার পার্থক্য বুঝিয়ে দাও।

চ) টীকা লেখো (যে-কোনো **দুটি**) :

স্বরভক্তি, অভিশ্রুতি, নাসিক্যীভবন, বর্ণবিপর্যয়।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বাংলা উপন্যাসের ধারায় রবীন্দ্রনাথ ঠাকুরের কৃতিত্ব বুঝিয়ে দাও।

খ) কালসীমা উল্লেখ করে প্রাচীন বাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

গ) বাংলা গদ্যসাহিত্যে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের কৃতিত্ব ব্যাখ্যা করো।

ঘ) বাংলা সাহিত্যে 'সাহিত্য সম্রাট' কাকে বলা হয়? বাংলা উপন্যাসে তাঁর কৃতিত্ব আলোচনা করো।

———